

## সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৭২৭

৯/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৪৯. ঘোড়ার জন্য একটি অংশ নির্ধারণ প্রসংগে।

باب فِيمَنْ أَسْهَمَ لَهُ سَهْمًا

## আরবী

حدَّثَنَا مُحَمَّدُ بُنُ عِيسَى، حَدَّثَنَا مُجَمِّعُ بُنُ يَعْقُوبَ بُنِ مُجَمِّعِ بْنِ يَزِيدَ الأَنْصَارِيُّ، قَالَ سَمِعْتُ أَبِي يَعْقُوبَ بْنِ مُجَمِّعِ ، يَذْكُرُ عَنْ عَمِّهِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَزِيدَ الأَنْصَارِيِّ، عَنْ عَمِّهِ، مُجَمِّعِ بْنِ جَارِيَةَ الأَنْصَارِيِّ وَكَانَ أَحَدَ الْقُرَّاءِ الَّذِينَ قَرَءُوا الْقُرْآنَ قَالَ شَهِدْنَا الْحُدَيْبِيَةَ مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَلَمَّا انْصَرَفْنَا عَنْهَا إِذَا النَّاسُ يَهُزُّونَ الأَبَاعِرَ فَقَالَ بَعْضُ النَّاسِ لِبَعْضٍ مَا لِلنَّاسِ قَالُوا أُوحِيَ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم . فَخَرَجْنَا مَعَ النَّاسِ نُوجِفُ فَوَجَدْنَا النَّبِيَّ صلى الله عليه وسلم وَاقِفًا عَلَى وسلم . فَخَرَجْنَا مَعَ النَّاسِ نُوجِفُ فَوَجَدْنَا النَّبِيَّ صلى الله عليه وسلم وَاقِفًا عَلَى رَاجِلَتِهِ عِنْدَ كُرُاعِ الْغَمِيمِ فَلَمَّا اجْتَمَعَ عَلَيْهِ النَّاسُ قَرَأً عَلَيْهِمْ ( إِنَّا فَتَحْنَا لَكَ فَتْحًا مُبِينًا ) رَاجِلَتِهِ عِنْدَ كُرُاعِ اللَّهِ أَفْتَحْ هُوَ قَالَ " نَعَمْ وَالَّذِي نَفْسُ مُحَمَّد بِيدِهِ إِنَّهُ لَفَتْحٌ " . فَقُلْ رَجُلُ اللّهِ عليه وسلم علَى الله عليه وسلم علَى ثَمَانِيةَ فَقَلْ رَجُلُ اللهُ عليه وسلم علَى الْمُوسِ فَأَعْطَى الْقُارِسَ سَهُمًا وَكَانَ الْجَيْشُ أَلْفًا وَخَمْسُمِاتَةٍ فِيهِمْ ثَلاَتُمِاتِهِ قَارِسٍ فَأَعْطَى الْقَارِسَ سَهُمًا وَكَانَ الْجَيْشُ أَلْقًا وَخَمْسُمِاتَةٍ فِيهِمْ ثَلاَتُمَاتِةٍ فَارِسٍ فَأَعْطَى الْقَارِسَ سَهُمَيْنِ وَالمَالِكَ سَهُمًا اللّهَ اللهُ عَلْهُ اللهُ عَلَى اللهُ عَلَى الْمُؤَلِّ الْمَعْمَى الْقَارِسَ سَهُمًا وَكَانَ الْجَيْشُ أَلْقُا وَخَمْسُمِاتَةٍ فِيهِمْ ثَلاَتُمُاتِةٍ فَارِسٍ فَأَعْطَى الْقَارِسَ سَهُمَيْنِ

## বাংলা

২৭২৭. মুহাম্মদ ইবন 'ঈসা (রহঃ) ..... মুজ্মি ইবন জারিয়া আনসারী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ যারা কুরআন তিলাওয়াত করতে পারতেন, তিনি ছিলেন তাদের অন্যতম। তিনি বলেনঃ আমরা হুদায়বিয়ার সন্ধির সময় রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে উপস্থিত ছিলাম। যখন আমরা সেখান থেকে ফিরে আসি, (তখন দেখতে পাই যে,) লোকেরা তাদের উটগুলো হাঁকিয়ে নিয়ে যাচ্ছে। এ সময় লোকেরা তাদের পরস্পর একে অন্যকে জিজ্ঞাসা করে যে, লোদের কি হয়েছে? তারা বলেঃ নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর উপর ওয়াহী নাযিল করা হয়েছে। তখন আমরাও লোকদের সাথে দ্রুত সেদিকে ধাবিত হই।



অতঃপর আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে 'কুরা'ইল-গামীম' নামক স্থানের নিকট তাঁর বাহনের উপর আরূঢ় অবস্থায় পাই। লোকজন যখন তাঁর নিকট সমবেত হলো, তখন তিনি সূরা ''ইরা ফাতাহনা লাকা ফাত্হাম মুবীনা'' তিলাওয়াত করেন। তখন জনৈক ব্যক্তি তাঁকে জিজ্ঞাসা করেনঃ ইয়া রাসূলাল্লাহ্! এটা-ই কি বিজয়? তিনি বলেনঃ হ্যাঁ। ঐ সন্তার কসম, যাঁর হাতে মুহাম্মাদের প্রাণ। এটাই বিজয়। ফলে, খায়বর যুদ্ধে প্রাপ্ত ধন-সম্পদকে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আঠার ভাগে বিভক্ত করেন এবং এই সময় সৈন্য-সংখ্যা ছিল এক হাযার পাঁচশ' জন, যার মাঝে তিনশ' লোক ছিলেন অশ্বারোহী)। অতঃপর তিনি অশ্বারোহী বাহিনীর লোকদের দু'টি অংশ প্রদান করেন এবং পদাতিক বাহিনীর লোকদের একটি অংশ।

## **English**

Narrated Mujammi' ibn Jariyah al-Ansari:

Mujammi' was one of the Qur'an-reciters (qaris), and he said: We were present with the Messenger of Allah (ﷺ) at al-Hudaybiyyah. When we returned, the people were driving their camels quickly.

The people said to one another: What is the matter with them?

They said: Revelation has come down to the Prophet (ﷺ). We also proceeded with the people, galloping (our camels). We found the Prophet (ﷺ) standing on his riding-animal at Kura' al-Ghamim.

When the people gathered near him, he recited: "Verily We have granted thee a manifest victory.

A man asked: Is this a victory, Messenger of Allah? He replied: Yes. By Him in Whose hands the soul of Muhammad is, this is a victory. Khaybar was divided among those who had been at al-Hudaybiyyah, and the Messenger of Allah () divided it into eighteen portions. The army consisted of one thousand five hundred men, of which three hundred were cavalry, and he gave two shares to a horseman and one to a foot-soldier.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন